

## বিপ্লব বাবুকে বলছি : বাকী বিল্লাল

বিপ্লব এবং অর্ণব দত্ত যে অ্যারোগেন্ট টোনে বাংলাদেশের বাঙ্গালীদের গালাগাল দিচ্ছেন, কুপমুন্ডুক বলছেন, তোতা পাখি ইত্যাদি বিশেষণে অভিহিত করছেন তাতে তাদের উদ্দেশ্য সম্বন্ধে সন্দেহান না হয়ে পারা যায় না। বিপ্লববাবু দাবী করেছেন তার পরিচালিত ওয়েব সাইট ভিন্নমতের উদ্দেশ্য নাকি বাংলাদেশ আর পশ্চিমবঙ্গকে একত্রিত করা। উদ্দেশ্য মহৎ এতে সন্দেহ নেই। কিন্তু পদে পদে বাংলাদেশের লেখক লেখিকা সাহিত্যিক, কবি আর সিনেমা পরিচালকেরা ভারতের তুলনায় কত অপদার্থ এগুলো বললেই যদি ‘একত্রিত’ করা যায়, তাহলে তো বলতেই হবে আপনিই ভাই বড় পলিটিশিয়ান! বিপ্লব বাবু এত খুঁজেও বাংলাদেশে আন্তর্জাতিক মানের কোন ভাল সিনেমা পরিচালক পাননি। অথচ ভারতে বাঙালী পরিচালক পেয়েছেন সত্যজিত, ঋত্বিক, মুনাল সেন, গৌতম ঘোষ, অপর্ণা, ঋতুপর্ণা, কপাল আমার। বিপ্লব কি জহির রায়হানের নাম শুনেছেন? শুনেছেন তার স্টপ জেনোসাইড ছবিটির কথা? হয়ত বিপ্লব বাবুর তখনো জন্মই হয় নি, কে জানে। জহির রায়হানকে নিয়ে বাংলাদেশের অনেকেরই প্রত্যাশা ছিল তিনি হয়ত সত্যজিতকেও ছাড়িয়ে যেতে পারেন। যেমনি ভাবে রুনা লায়লা বা সাবিনা ইয়াসমিন ছাড়িয়ে গেছেন অনেক ভারতীয় শিল্পীকেই। পাক হানাদারেরা আর তাদের দোসর রাজাকারেরা ভুল করেনি। খাঁটি রক্তকেই মেরে ফেলেছিল। বিপ্লব বাবু কি শুনেছেন তানভীর মোকাম্মেল আর তারেক মাসুদের কথা? তারেক মাসুদের মাটির ময়না যে আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত এ খবর কি তার জানা আছে? বিপ্লব বাবুকে অনুরোধ মাটির ময়না আর মুক্তির গান -এ ছবি দুটি সংগ্রহ করে দেখুন। আপনারা তো ভাই শারদীয়া সংখ্যা ছাড়া কিছুই পড়েন না। অথচ আপনারাই এক মাত্র ইন্টেলেকচুয়াল, আপনারাই কেবল রবীন্দ্রনাথ বোবোন। অর্ণব বাবুর হুমায়ুন আজাদ আর ইমদাদুল হক মিলন কে চিনতেই এতদিন লেগে যায়, তারা নাকি আবার ‘কুপমুন্ডুক’ না, উদার! অর্ণব বাবুর মতে যত দোষ কেবল বাংলাদেশের লেখকদেরই। উনাদের দাদাগিরির চোটে আমাদের প্রাণ ওষ্ঠাগত, আমাদের জাতীয় সঙ্গীতটা কি হবে, সেটাও আমরা ঠিক করতে পারব না। এর আগেও বিপ্লববাবু হুমায়ুন আজাদের একটি লেখাও না পড়ে তাকে নিয়ে আবোল তাবোল লিখে দিয়েছিলেন। হুমায়ুন আজাদের ‘নারী’ বইটি শুধু বাংলাদেশেই নয়, ভারতেও সমান তালে পাল্লা দেয়ার যোগ্য। সেলিনা হোসেনের ‘জেন্ডার বিশ্বকোষ’ কিংবা গোলাম মুর্শিদের ‘হাজার বছরের বাঙ্গালী’ কি পশ্চিমবঙ্গের সাহিত্যের তুলনায় এতই ফেলনা?

বেশীদূর যেতে হবে না, নিজেদের ফোরাম গুলোর দিকেই প্রথমে দৃষ্টি দিন- যারা কলকাতা আর বাংলাদেশ থেকে লিখালিখি করছেন, তাদের মধ্যে তুলনা করুন। বিশেষতঃ নিজের ভুল বানান আর আক্রমণাত্মক লেখা আর ‘রবীন্দ্র বি-শে-ষ-অ-জ্ঞ’ অর্ণব দত্তের আত্মস্মৃতি লেখার সাথেই তুলনা করুন না বাংলাদেশ থেকে যারা ফোরামে লিখছেন - অভিজিৎ, প্রদীপ দেব, জাফর উল্লাহ, বন্যা আহমেদ, ফতেমোল্লা, অনন্ত, উম্মে মুসলিমা, তানবীরা, ভজন সরকার, কাজী জহিরুলদের লিখার সাথে। কিভাবে প্রমাণ করবেন যে আপনাদের লেখাই তাদের তুলনায় বেশী ভাল? আমার চোখে তো অন্ততঃ পড়ছে না। কাউকে ‘তোতাপাখি’ আর ‘কুপমুন্ডুক’ বললেই যদি নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়, তবে তো বলার আর ছি নেই। এখন কেউ যদি বালিতে মুখ গুঁজে রেখে অন্য কারো লিখা না পড়ে শুধু বিপ্লব আর অর্ণবের নামে জয়ঢাক বাজাতে থাকেন কোথাও, সেটা কি সঠিক বিশ্লেষণ হবে? কেউ কেউ অবশ্য তাতেই মজা পান, ‘আমরা শ্রেষ্ঠ’ ভেবে।

বাকী বিল্লাল

৪/২৯/২০০৬